| | | |
|---|---|---|
| | | গ্রহিতাদের বুঝিয়ে দেয়া হয়েছে। খুলনা শহরের ১৯.৫০% লোক বস্তিতে বাস করে [১]। স্বল্প আয়ের লোকদের আবাসন সমস্যা সমাধানের লক্ষ্যে ময়ূরী আবাসিক এলাকাতে প্রকল্পটির মোট প্লটের ৭.৪৫% প্লট স্বল্প আয়ের লোকদেরকে যৌথভাবে বরাদ্দ প্রদান করা হয়েছে। এছাড়া, আধুনিক সকল সুযোগ-সুবিধা রেখে ১০০০ প্লট বিশিষ্ট একটি নতুন আবাসিক প্রকল্প খুব দ্রুত বাস্তবায়নের উদ্দ্যোগ গ্রহণ করা হচ্ছে। সেখানেও স্বল্প আয়ের লোকদের প্লট বরাদ্দ প্রদান করা হবে। |
| লক্ষ্যমাত্রা ১১.৩<br>২০৩০ সালের মধ্যে সকল দেশে অর্ন্তভুক্তিমূলক ও টেকসই নগরায়ণ ব্যবস্থার প্রসার এবং অংশগ্রহণমূলক, সমন্বিত ও টেকসই জনবসতি পরিকল্পনা ও ব্যবস্থাপনা বিষয়ক সক্ষমতা বৃদ্ধি। | সুচক ১১.৩.১ | সুচক ১১.৩.১ অর্জনের লক্ষ্যে খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ 'খুলনা মাস্টার প্ল্যান-২০০১', 'খুলনা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট প্ল্যান (মংলা)-২০১৪', 'ডিটেইল্ড এরিয়া প্ল্যান-২০১৮' প্রনয়ন করেছে। খুলনা শহরে কৃষি জমি খুব দ্রুত হারে অকৃষি জমিতে রূপান্তরিত হচ্ছে। ১৯৯৮ সাল হতে ২০১২ সাল পর্যন্ত সময়ে খুলনা শহর ও তৎসংলগ্ন এলাকায় ৪১.৪০% কৃষি জমি অকৃষি জমিতে রুপান্তরিত হয়েছে [২]। কৃষি জমি রক্ষার্থে ও অন্তর্ভূক্তমূলক টেকসই নগরায়ন নিশ্চিত করতে নতুন মহাপরিকল্পনা প্রনয়নের উদ্দ্যোগ নেয়া হয়েছে, যা অনুমোদনের অপেক্ষায় রয়েছে। |
| | সুচক ১১.৩.২ | সুচক ১১.৩.২ অর্জনের লক্ষ্যে নগর পরিকল্পনা ও ব্যবস্থাপনায় জনসম্পৃক্ততা নিশ্চিত করতে সকল ধরনের পরিকল্পনা প্রণয়ন থেকে শুরু করে পরিকল্পনা চূড়ান্ত করনের সকল পর্যায়ে সমাজের বিভিন্ন শ্রেনী ও পেশার মানুষের সাথে মত বিনিময় করা হয়। কেডিএ কর্তৃক সর্বশেষ প্রণীত 'ডিটেইল্ড এরিয়া প্ল্যান-২০১৮' প্রণয়নের সময় Project Appraisal Committee (PAC) এর সাথে ৯ (নয়) টি, Technical Management Committee (TMC) এর সাথে ১৪ (চৌদ্দ) টি সভা করা হয়েছে। এছাড়া, খুলনা সিটি কর্পোরেশন, নওয়াপাড়া পৌরসভা, ফুলতলা উপজেলা ও ডুমুরিয়া উপজেলার সাথে কয়েকটি মতবিনিময় সভা করা হয়েছে। প্রণীত পরিকল্পনা বাস্তবায়নের সময়ও জনসাধারনের সাথে মত বিনিময় সভা করা হয়। অপরিকল্পিত উন্নয়ন নিয়ন্ত্রনের জন্য ২০২১ সালে রিয়েল এস্টেট ডেভেলপার ও পেশাদারীদের সাথে ২ (দুই) টি মত বিনিময় সভা করা হয়েছে। |



28/3/22
সহকারী টাউন প্ল্যানার
খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা।

